দৈনিক
ইনকিলাব

তারিখ 01 DEC 2006
পৃষ্ঠা ১২ কলাম ৬

*পরীক্ষা স্থগিত ঃ কমিটি গঠন*

# জাবিতে তৃতীয়বারের মতো অর্থনীতি বিভাগের ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস

**জাবি সংবাদদাতা ঃ** তৃতীয়বারের মতো ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেছে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে। প্রশ্নপত্র ফাঁস হওয়ায় ভর্তি পরীক্ষা স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করেছে কেন্দ্রীয় ভর্তি কমিটি। প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের সঙ্গে দেশের দুটি কোচিং সেন্টারের সাভার শাখার সংশ্লিষ্টতার অভিযোগ পাওয়া গেছে।

গতকাল (বৃহস্পতিবার) অনুষ্ঠিতব্য অর্থনীতি বিভাগের প্রশ্নপত্র আগে থেকেই ফাঁস হয়ে যায়। সকাল সাড়ে নয়টায় এবং বেলা ১১টায় দুই শিফটে অনুষ্ঠিতব্য পরীক্ষার প্রশ্নপত্র আগের রাতেই বিভিন্ন হলে হলে একটি চক্র চড়াদামে বিক্রি করে। এ সময় একজন সাংবাদিক ঘটনা টের পেয়ে সুকৌশলে প্রশ্নপত্র সংগ্রহ করে। পরে প্রক্টরকে বিষয়টি অবহিত করা হয়। ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গে মূল প্রশ্নপত্রের দুই শেট প্রশ্নের হুবহু মিল পাওয়া গেছে।